REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২২শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৪ঠা অগ্রহায়ণ বুধবার ১৩৪২ ইংরাজী 20th November 1935 | ২৬শ সংখ্যা

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৫০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সত্বর দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।

৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার, কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪০ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস-এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৮০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।


মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৪ঠা অগ্রহায়ণ বুধবার সন ১৩৪২ সাল।

## কলেরা।

গত ২৯শে কার্ত্তিক শুক্রবার জঙ্গিপুর ছোট কালিয়াই এর বক্রেশ্বর দাস নামক এক ব্যক্তির কলেরা রোগে মৃত্যু হইয়াছে। কলেরা বারমেসে ব্যারাম হইয়া পড়িল। পূর্ব্বে চৈত্র বৈশাখ মাসেই এই রোগের প্রাদুর্ভাব হইত।

---

## বসন্ত।

এবারে ভাদ্র আশ্বিন মাসে বসন্ত রোগে জঙ্গিপুরের পারে প্রায় ৩০ জন লোকের মৃত্যু হইয়াছে। পুনরায় উক্ত রোগ দেখা দিয়াছে। ২ জন লোককে এই রোগে আক্রমণ করিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

---

## ভাগীরথী নদী।

গত ২ বৎসর কাল ভাগীরথী নদীতে লোকে হাঁটিয়া পারাপার করিতে পারে নাই। এবারে জল একেবারে কমিয়া গিয়াছে। লোকে যেখান সেখান দিয়া হাঁটিয়া পারাপার করিতেছে। এবারে গ্রীষ্মকালে পানীয় জলের অভাব হইবে বলিয়া অনেকে আশঙ্কা করিতেছে।

---

## কার্ত্তিক পূজা।

জঙ্গিপুর মহকুমায় রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত মির্জ্জাপুর গ্রামে অনেকগুলি কার্ত্তিক পূজা হইয়া থাকে। এবারেও উক্ত পূজা সম্পন্ন হইয়াছে। বিসর্জ্জনের দিন সকল প্রতিমা একত্রিত হয় এবং একবেলার জন্য একটা মেলা বসিয়া থাকে। বিসর্জ্জন দেখিবার জন্য বহু লোকের সমাগম হয়।

---

## বহরমপুর হইতে সাইকেলযোগে কলিকাতা।

শ্রীযুত উমাপতি বসু, অবনীশঙ্কর ঘোষ, রাধাপদ সেন এবং ইন্দ্রচন্দ্র দাস বহরমপুর কলেজের এই চারিজন ছাত্র গত মঙ্গলবার বহরমপুর হইতে সাইকেল যোগে রওনা হইয়া বুধবার কলিকাতায় পৌছিয়াছেন। বহরমপুর হইতে কলিকাতা এই ১৫২ মাইল পথ অতিক্রম করিতে তাঁহাদের ২০ ঘণ্টা সময় লাগিয়াছে। তাঁহারা ২।৪ দিন কলিকাতায় থাকিয়া পুনরায় সাইকেল যোগে বহরমপুরে প্রত্যাবর্ত্তন করিবেন বলিয়া জানা গিয়াছে।

---

## উত্তমর্ণকে বে-পরোয়া প্রহার।

তেজপুর মুন্সেফী আদালতের অবসরপ্রাপ্ত সেরেস্তাদার শ্রীযুত বৈদ্যনাথ বড়ুয়া জনৈক ডোমের লাঠির আঘাতে সাঙ্ঘাতিকভাবে আহত হইয়াছেন।

শ্রীযুত বড়ুয়া উক্ত ডোমের নিকট কিছু টাকা পাইতেন একদিন লোকটী যখন রাস্তা দিয়া যাইতেছিল তখন তিনি তাহার কাছে টাকা চান। ইহাতে সে ভয়ঙ্কর ক্রুদ্ধ হইয়া উঠে ও লাঠির আঘাতে তাহার উত্তমর্ণকে রাস্তার উপর ফেলিয়া দেয় এবং বে-পরোয়া কিল ঘুসি চালাইতে থাকে।

শ্রীযুত বড়ুয়াকে হাসপাতালে লওয়া হয়। তাঁহার মৃত্যুর আশঙ্কা করিয়া তাঁহার জবানবন্দী গৃহীত হইয়াছে।

---

## পরেশনাথ মন্দিরে চুরি।

কলিকাতা পরেশনাথের মন্দির হইতে কতকগুলি সোনা বাঁধা মালার গুটিকা ও চুণি চুরি গিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

প্রকাশ যখন পূজারী পূজা করিতেছিল এবং চাকরেরা মন্দির প্রাঙ্গন পরিষ্কার করিতেছিল তখন কোনও অপরিচিত লোক বিগ্রহের গলা হইতে একটি হার ছিনাইয়া লইয়া পলায়ন করে। হারটি লওয়ার সময় হারের সূত্র ছিঁড়িয়া যায় এবং কতকগুলি গুটিকা ও চুণি মেঝের উপর ছড়াইয়া পড়ে এবং ছড়ানো চুণিগুলি পরে পূজারীর চোখে পড়ে। তদন্ত চলিতেছে।

---

## শ্রীমতী কমলা নেহেরুর স্বাস্থ্য।

পণ্ডিত জহরলাল বাদেনভিলারে ফিরিয়া আসিয়াছেন। তাঁহার পত্নী শ্রীমতী কমলা নেহেরু বর্ত্তমানে একটি স্বাস্থ্যনিবাসে আছেন। উক্ত স্বাস্থ্যনিবাসের প্রধান সার্জ্জন "রয়টার"এর প্রতিনিধিকে বলিয়াছিলেন,—শ্রীমতী কমলা নেহেরুর অবস্থার অনেকটা উন্নতি হইয়াছে; এই অবস্থায় সম্পূর্ণ আরোগ্য লাভের আশা করা অসঙ্গত নহে।

---

## ঢাকায় মসলিন।

ঢাকাই মসলিন এককালে বাঙ্গালা দেশের ও বাঙ্গালী জাতির গৌরবের জিনিষ ছিল। এই ঢাকাই মসলিন ইউরোপীয় বণিকগণ কর্ত্তৃক ইউরোপের বাজারে নীত হইলে অত্যধিক মূল্যে তাহা বিক্রীত হইত। সম্প্রতি ঢাকার শ্রীযুক্ত ব্রজেন্দ্রলাল সাহা নিজে সূতা কাটিয়া যে মসলিন বুনাইয়াছেন, তাহা সকলের দৃষ্টি আকর্ষণ করিয়াছে। ঐ মসলিন খানি দৈর্ঘ্যে ১০ ও প্রস্থে ৬ ফিট—উহার ওজন মাত্র ১৫ তোলা। ২০০ নম্বরের সূতা দ্বারা একজন তাঁতিকে ৩৫৲ টাকা পারিশ্রমিক দিয়া উহা বুনান হইয়াছে। ব্রজেন্দ্র বাবু ৬ মাস ধরিয়া ঐ কাপড়ের জন্য মিহিসূতা কাটিয়াছিলেন। রজককে ঐ সূতা ধৌত করার জন্য ৫৲ টাকা মজুরী দিতে হইয়াছে। ব্রজেন্দ্র বাবু যে এত কষ্ট স্বীকার ও অর্থ ব্যয় করিয়া ঢাকাই মসলিনের নাম রাখিবার চেষ্টা করিতেছেন, সে জন্য আমরা তাঁহার ধন্যবাদ করিতেছি। তাঁহার মত আরও কয়েকজন এ বিষয়ে উৎসাহী হইলে পুনরায় বাজারে ঢাকাই মসলিনের সুনাম প্রচার হইতে পারে। 'হিতবাদী'

---

## বিবাহ না করার জন্য ট্যাক্স।

করাচীর মিউনিসিপ্যাল কাউন্সিলার ডাক্তার জি, টি, হিঙ্গরণী করাচী কর্পোরেশনের আগামী সভায় এক অভিনব প্রস্তাব উপস্থাপিত করিবেন। সহরে বহু সংখ্যক অবিবাহিত ব্যক্তি আছেন; তাঁহারা আদৌ বিবাহ করিতে চাহেন না। আবার বহু বিবাহ যোগ্য কন্যাও আছেন, পাত্রের অভাবে তাহাদের বিবাহ হয় না। সে জন্য প্রস্তাব করা হইবে—যে সকল অবিবাহিত ব্যক্তি মাসিক শতাধিক টাকা উপার্জ্জন করেন ও যাঁহাদের বয়স ২৫ হইতে ৪০ বৎসরের মধ্যে তাঁহারা দেশের ও জাতির ক্ষতি করিতেছেন। কাজেই তাঁহাদের আয়ের শতকরা ২৫৲ টাকা "অবিবাহিতের ট্যাক্স" হিসাবে মিউনিসিপ্যালিটীকে দিতে হইবে।

---

## দুর্ভিক্ষ নিবারণের উপায়।

বর্দ্ধমান জেলা বোর্ডের সুযোগ্য ইঞ্জিনীয়র শ্রীযুক্ত প্রমথনাথ দে আসন্ন দুর্ভিক্ষ নিবারণকল্পে বলিতেছেন,—এ বৎসর এক পশলা বৃষ্টির জন্য বর্দ্ধমান বিভাগের প্রধান তৈয়ারী ফসল ধান মরিয়া গেল, সংস্কার অভাবে মাঠের সেচের পুষ্করিণীগুলি ময়দানে পরিণত হইতে চলিয়াছে। বর্ত্তমানে কর্ত্তৃপক্ষ যদি উক্ত পুষ্করিণীগুলি সংস্কার করাইতে উদ্যোগী হয়েন, তাহা হইলে একদিকে যেমন সেচ পাইয়া বহু জমির ফসল রক্ষা হইবে, অন্যদিকে তেমনি এই দুর্দ্দিনে কতকগুলি লোক কাজ পাইয়া জীবিকা অর্জ্জন করিবে।

---

## ডাক্তারের মৃত্যু।

ডাক্তার প্রিয়গোপাল মজুমদার গয়ার ই, আই, আর রেলের ডাক্তার ছিলেন। চিকিৎসার জন্য তাঁহাকে পাটনা জেনারেল হাসপাতালে লইয়া যাওয়া হইয়াছিল। তথায় তাঁহার মৃত্যু হইয়াছে। মৃত্যুকালে তাঁহার বয়স ৪৪ বৎসর হইয়াছিল। মৃত্যুর কয়দিন পূর্ব্বে তিনি ঐ হাসপাতালে ১০ হাজার টাকা দান করিয়াছিলেন।

---

## বঙ্গদেশের তামাক (বিক্রয়ের লাইসেন্স) বিষয়ক ১৯৩৫ খ্রীষ্টাব্দের আইন।

[ ১৯৩৫ খৃষ্টাব্দের ২৩শে মে তারিখের কলিকাতা গেজেটে প্রকাশিত। ]

(পূর্ব্ব প্রকাশিতের পর।)

### সমন অথবা গ্রেপ্তারী পরওয়ানা প্রদান করিবার ক্ষমতা।

১৩। কালেক্টর, অথবা এই আইনানুসারে দণ্ডনীয় অপরাধসমূহ বিচার করিবার জন্য ১৭ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন ম্যাজিষ্ট্রেট, অথবা আবকারী বিভাগের কমিশনার, অথবা আবকারী সুপারিণ্টেণ্ডেণ্টের নিম্নপদস্থ নহেন এমন কোন আবকারী কর্ম্মচারী যিনি এতৎপক্ষে স্থানীয় গভর্ণমেণ্টের নিকট হইতে বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তিনি, এই আইনানুসারে দণ্ডনীয় কোন অপরাধ কোন ব্যক্তি করিয়াছে বলিয়া বিশ্বাস করিবার কারণ থাকিলে তাহাকে তাঁহার নিকট হাজির হইবার জন্য সমন দিতে পারিবেন। যদি এইরূপ ব্যক্তি ঐ সমন অনুসারে কার্য্য না করে তাহা হইলে যে কালেক্টর, ম্যাজিষ্ট্রেট, আবকারী বিভাগের কমিশনার অথবা আবকারী কর্ম্মচারী ঐ সমন প্রদান করিয়াছেন তিনি ঐ ব্যক্তিকে গ্রেপ্তার করিবার জন্য পরওয়ানা বাহির করিতে পারিবেন।

### অপরাধসমূহ তদন্ত করিবার পক্ষে কালেক্টর এবং কোন কোন আবকারী কর্ম্মচারীর ক্ষমতা।

১৪। কালেক্টর, অথবা আবকারী বিভাগের কমিশনার, অথবা স্থানীয় গভর্ণমেণ্টের নিকট হইতে এতৎপক্ষে বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন আবকারী কর্ম্মচারী, কোন ম্যাজিষ্ট্রেটের বিনা হুকুমেই, এই আইনানুসারে দণ্ডনীয় কোন অপরাধ যাহা কালেক্টরের এলাকার সীমানার মধ্যস্থিত, অথবা স্থলবিশেষে যে স্থানে ঐরূপ আবকারী কর্ম্মচারী নিযুক্ত হন সেই স্থানের সীমানার মধ্যস্থিত স্থানীয় এলাকার উপর বিচারের অধিকারপ্রাপ্ত কোন আদালতের, তদন্ত বা বিচারের স্থান সম্পর্কে, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক ১৮৯৮ খৃষ্টাব্দের আইনের ১৫শ অধ্যায়ের বিধানগুলি অনুসারে তদন্ত অথবা বিচার করিবার ক্ষমতা থাকিত, তাহা তদন্ত করিতে পারিবেন।

### অপরাধসমূহের তদন্তকারী কালেক্টর এবং কোন কোন আবকারী কর্ম্মচারীর ক্ষমতা ও কর্ত্তব্যসমূহ।

১৫। (১) কালেক্টর, অথবা আবকারী বিভাগের কমিশনার, অথবা ১৪ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত কোন

